

## শতবর্ষের আলোকে সুনির্মল বসু

সাহিত্যের সুরম্য উদ্যানে অগণন ফুলে, ফুলে ভরা,  
অমর আসনে বসে তুচ্ছ করে ব্যাধি, মৃত্যু জরা,  
আনন্দের অস্তা তুমি সুনির্মল কাব্য সৃষ্টি করে,  
কালের দুর্বারগতি রেখে গোছ ধরে !

তোমাকে মনে পড়ে মন পোড়ে অদৃশ্য আগুনে,  
কোকিল হৃদয় জানে কি ব্যথা এই প্রাণে,  
বিবাগী ফাগুনে !

তোমার সৃষ্টির গাথা প্রাণে-প্রাণে কয় কথা,  
ছবি হয়ে চোখে চোখে ভাসে,  
তোমাকে স্মরণ করে হৃদয়ের পর্দা ধিরে,--  
স্বপ্ন যেন সত্য হয়ে হাসে !

শত বর্ষের পুণ্য আলোকে তুমি সেই সুসাহিত্যিক,  
কবি সুনির্মল,  
সাহিত্যের পুণ্য তীর্থে অবিচল জ্যোতিষ্ঠ উজ্জুল--  
অবিরল আনন্দ উচ্ছল !

নির্মল গঙ্গোপাধ্যায়

